



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা সমবায় অফিস, হবিগঞ্জ।
cooperative.habiganj.gov.bd

৮ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ
তারিখ: ২২ জুন ২০২৬ খ্রিস্টাব্দ

নম্বর: ৪৭.৬১.৩৬০০.০০০.০০০.৩৫.০০০৩.২৫.২৬০

অফিস আদেশ

সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ এর ২৬(২) বিধি মোতাবেক আনোয়ারখালী খাল পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি লি., নবীগঞ্জ, হবিগঞ্জ এর আগামী ০৬/০৮/২০২৬ খ্রি. তারিখে অনুষ্ঠেয় ব্যবস্থাপনা কমিটির নির্বাচন পরিচালনার জন্য নিম্নবর্ণিত ০৩ (তিন) সদস্য বিশিষ্ট একটি নির্বাচন কমিটি নিয়োগ করা হলো:

ক্রম	নাম ও ঠিকানা	সদস্য নম্বর	কমিটিতে পদবী
০১	জনাব মোঃ হাফিজুল ইসলাম উপজেলা সমবায় অফিসার, নবীগঞ্জ, হবিগঞ্জ।	-	সভাপতি
০২	জনাব নজবুল ইসলাম সহকারী পরিদর্শক, উপজেলা সমবায় কার্যালয়, নবীগঞ্জ, হবিগঞ্জ।	-	সদস্য
০৩	জনাব প্রবীর কান্তি ঘোষ আনোয়ারখালী খাল পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি লি., নবীগঞ্জ, হবিগঞ্জ।	০৫	সদস্য

নিয়োগকৃত নির্বাচন কমিটি সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত আইন, ২০০২ ও ২০১৩) ও সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ (সংশোধিত ২০২০) এর বিধি-বিধান মোতাবেক এবং স্বাস্থ্যবিধি মেনে জনসমাগমের ক্ষেত্রে প্রযোজ্য হলে স্থানীয় সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমতি নিয়ে নির্বাচন অনুষ্ঠান করবেন। নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে নির্বাচন কমিটি প্রয়োজনীয় সংখ্যক পোলিং অফিসার নিয়োগ করতে পারবেন।

নিয়োগকৃত নির্বাচন কমিটি সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ (সংশোধিত ২০২০) এর ২৬(৫) বিধি মোতাবেক সমিতির তহবিল হতে উপযুক্ত পরিমাণ সন্মানী ভাতা গ্রহণ করতে পারবেন।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

২২-০৬-২০২৬

মোঃ রনি মিয়া

জেলা সমবায় কর্মকর্তা

ফোন : ০২৯৯৬৬০৫৫৩৪

ইমেইল : dco.habiganj@coop.gov.bd

নম্বর: ৪৭.৬১.৩৬০০.০০০.০০০.৩৫.০০০৩.২৫.২৬০/১ (৪)

৮ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ
তারিখ: ২২ জুন ২০২৬ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। জনাব.....সভাপতি / সদস্য, নির্বাচন কমিটি, আনোয়ারখালী খাল পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি লি.: নবীগঞ্জ, হবিগঞ্জ।
- ২। সভাপতি, অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি, আনোয়ারখালী খাল পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি লি.: , নবীগঞ্জ, হবিগঞ্জ।
- ৩। সভাপতি/সহ সভাপতি, মেয়াদ উত্তীর্ণ ব্যবস্থাপনা কমিটি, আনোয়ারখালী খাল পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি লি.: , নবীগঞ্জ, হবিগঞ্জ।
- ৪। উপজেলা সমবায় অফিসার, উপজেলা সমবায় অফিসারের কার্যালয়, উপজেলা সমবায় অফিস, নবীগঞ্জ, হবিগঞ্জ। [ইহা তাঁর স্মারক নম্বর: ৮, তারিখ: ১৬/০৬/২০২৬ খ্রি. এর পরিপ্রেক্ষিতে]।